

তথাপ্রযুক্তিতে উচ্চশিক্ষায় বৃত্তি

## আইসিটি মন্ত্রণালয়ে আবেদন গ্রহণ শুরু

তথাপ্রযুক্তিভিত্তিক উচ্চশিক্ষায় বৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদন গ্রহণ শুরু করেছে তথাপ্রযুক্তি মন্ত্রণালয়। 'জাতীয় তথা ও যোগাযোগ প্রযুক্তি ফেলোশিপ ও বৃত্তি নীতিমালা-২০১৩' প্রকল্পটি সমন্বয় করছেন মন্ত্রণালয়ের সহকারী সচিব আহসান উদ্দিন মুরাদ। তিনি জানান, প্রকল্পের আওতায় প্রথমবারেই প্রায় সাড়ে ছয় কোটি টাকার বৃত্তি দেওয়া হবে।

কম্পিউটার কৌশল, কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও কৌশল, তথা ও যোগাযোগ প্রকৌশল, তথা ও যোগাযোগ প্রযুক্তি, সফটওয়্যার বিজ্ঞান ও কৌশল, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, বিজ্ঞানস ইনফরমেশন সিস্টেমস, ইনফরমেশন সিস্টেমস, প্রযুক্তি ব্যবস্থাপনা, তথা ও যোগাযোগ প্রযুক্তি ব্যবস্থাপনা, তথা নিরাপত্তা ব্যবস্থাপনা, ইনফরমেশন অ্যাসিউরেন্স, ইলেকট্রনিক্স ও টেলিযোগাযোগ, তথা ও

যোগাযোগ কৌশল বিভাগের শিক্ষার্থীরা এ বৃত্তি পেতে আবেদন করার সুযোগ পাবেন। মাস্টার্স, ডক্টরাল, পোস্ট ডক্টরাল পর্যায়ে দেশি ও বিদেশি ক্যাটাগরিতে মাস ভিত্তিতে এ বৃত্তি দেওয়া হবে। মাস্টার্স থেকে উচ্চতর পূর্বেষণায় প্রতি মাসে ২০ হাজার ৬০ হাজার টাকা দেওয়া হবে। দেশে অথবা দেশের বাইরে যে কোনো বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। আইসিটি সচিব নজরুল ইসলাম খান জানান, চার মাস অন্তর আবেদনকারীদের মধ্য থেকে যোগ্যদের খুঁজে বের করে অর্থ বরাদ্দ দেওয়া হবে। আবেদনকারী প্রয়োজনে পারীক্ষিকভাবে উপস্থিত না হয়েও ডিডিও কনফারেন্সে সাক্ষাৎকার নিতে পারবেন। আবেদনের ঠিকানা : <http://secureweb.bcc.net.bd/moictapplication>

■ প্রযুক্তি প্রতিদিন ডেস্ক